# শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিল এর ২য় সভার কার্যবিবরণী

**সভাপতি** : মো: আখতার হোসেন

সিনিয়র সচিব যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও চেয়ারম্যান, নির্বাহী কাউন্সিল, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

সভার স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম

সভার তারিখ ও সময় : ১৮ জুলাই ২০২১ খ্রি.; বিকাল ০৩:০০ ঘটিকা

সভায় সংযুক্ত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক

কাউন্সিল চেয়ারম্যান ও সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জনাব মো: আখতার হোসেন সভার প্রারম্ভে ভার্চুয়ালি সংযুক্ত নির্বাহী কাউন্সিল সদস্যগণকে স্বাগত জানান। অতপর তিনি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠার পটভূমি, সংক্ষিপ্ত পরিচিতি এবং ইনস্টিটিউট এর হালনাগাদ অবস্থান সম্পর্কে সভাকে সংক্ষেপে অবহিত করেন। তিনি বলেন, দেশের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে যুবদের আত্মকর্মসংস্থান এবং তাদের মেধা ও মননশীলতার বিকাশে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য ১৯৮০ সালে ঢাকাস্থ সাভারে যুব প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়। ১৯৯৮ সালে এই কেন্দ্রের জমি এবং অবকাঠামোতেই যুবদের প্রতিভা বিকাশ ও ক্ষমতায়নের লক্ষ্যে আধুনিক প্রশিক্ষণ, শিক্ষা এবং অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিতে “শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র” প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে।

প্রকল্পটির মেয়াদ ২০০৬ সালের জুন মাসে শেষ হয়। এরপর থোক বরাদ্দ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের বিভিন্ন কার্যক্রম সীমিত পরিসরে পরিচালিত হয়। ২০১৪ সালের ডিসেম্বর মাসে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় জনবলসহ কেন্দ্রটি রাজস্বখাতে স্থানান্তরিত হয়।
শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের কার্যক্রমকে যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে “শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র শক্তিশালী ও আধুনিকীকরণ” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি মার্চ ২০১৫ তে শুরু হয়ে জুন ২০২১ এ সমাপ্ত হয়।

উল্লেখ্য যে, দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকান্ডে বৃহৎ পরিসরে যুবদের নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার উদ্দেশ্যে **‘শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮’** প্রণীত হয়। এ আইনের ধারা-০৩ অনুযায়ী শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। ইনস্টিটিউটকে CENTRE OF EXCELLENCE হিসেবে প্রতিষ্ঠাকল্পে স্বতন্ত্র জমি ও অবকাঠামোসহ যুগোপযোগী জনবল কাঠামো সৃষ্টির কার্যক্রম এগিয়ে চলছে। ইতোমধ্যে অস্থায়ীভাবে ৪৫টি পদ সৃজিত হয়েছে। ইনস্টিটিউটের কার্যক্রম ত্বরান্বিত করতে “শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০২১” প্রনীত হয়েছে। এছাড়াও মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের ৩.৩৮ একর জমি ইনস্টিটিউটের অনুকূলে হস্তান্তরের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তিনি সভাকে জানান যে, ইতোমধ্যে ইনস্টিটিউট এর অনুকূলে রাজস্ব খাতে সরকার হতে বাজেট বরাদ্দও পাওয়া গেছে। এ পর্যায়ে তিনি নির্বাহী কাউন্সিল এর সদস্য সচিব এবং শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মহাপরিচালক জনাব মো: আব্দুল করিম এনডিসি-কে আলোচ্যসূচি মোতাবেক সভা সঞ্চালন করার জন্য আহ্বান জানান।

সদস্য সচিব ভার্চুয়ালি সংযুক্ত কাউন্সিল সদস্যমন্ডলীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১. | **১ম সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>সদস্য সচিব জনান যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ১ম সভা ০৬-০২-২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০টায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আব্দুল্লাহ সভাপতিত্ব করেন। ১ম সভার কার্যবিবরণীর সফট কপি অবগতির জন্য সম্মানিত সদস্যমন্ডলীর নিকট প্রেরণ করা হয়েছে। তিনি প্রস্তাব করেন যে, উক্ত কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকলে কার্যবিবরণীটি অনুমোদন করা যেতে পারে। | পিএইচডি বানান ভুল থাকায় উহা সংশোধনক্রমে কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২. | <u>**১ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**</u><br>সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির সফট কপি অবগতির জন্য ইতোমধ্যেই কাউন্সিল সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। এছাড়াও তিনি অগ্রগতি বাস্তবায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে কোন সদস্য কোনরূপ মন্তব্য প্রদান করেননি। | ১ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভা অবহিত হয়। |
| ০৩. | <u>**ইনস্টিটিউটের ভিশন ও মিশন নির্ধারণ:**</u><br>সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ১ম সভায় প্রস্তাবিত ভিশন কিঞ্চিৎ পরিবর্তন করে এবং গত সভায় প্রস্তাবিত মিশন হুবহু অদ্যকার সভায় অনুমোদনের জন্যে উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে তিনি সম্মানিত কাউন্সিল সদস্যগণের মূল্যবান মতামত কামনা করেন।<br><u>**প্রস্তাবিত ভিশন:**</u><br>যুবদের প্রতিভা বিকাশ ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে CENTRE OF EXCELLENCE হিসেবে প্রতিষ্ঠাকরণ।<br><u>**প্রস্তাবিত মিশন:**</u><br>সর্বক্ষেত্রে যুবদের প্রতিভা বিকাশ ও ক্ষমতায়নের মাধ্যমে জাতীয় প্রবৃদ্ধি অর্জনে অবদান রাখার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম পরিচালনা।<br><br>নিম্নবর্ণিত কাউন্সিল সদস্যগণ ভিশন সম্পর্কে নিম্নে উল্লেখিত মতামত প্রদান করেন:<br>জনাব মো: নুরুল আমিন, যুগ্মসচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ - প্রতিভা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ বিনির্মাণ।<br>জনাব মো: বদরে মুনির ফেরদৌস, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় - যুব প্রতিভা বিকাশের মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ।<br>জনাব মো: ফয়জুর রহমান ফারুকী, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয় - যুব প্রতিভা বিকাশে Institute কে Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠাকরণ।<br>জনাব ভীষ্মদেব চৌধুরী অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ড. আনোয়ারুল্লাহ ভূইয়া, অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় Centre of Excellence এর বাংলা প্রতিশব্দ- শীর্ষ জ্ঞান কেন্দ্র, মেধা বিকাশ কেন্দ্র, জ্ঞান বিকাশ কেন্দ্র করার ব্যাপারে মতামত প্রদান করেন।<br>ড. মুনাজ আহমেদ নূর, ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, গাজীপুর - সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে যুবদের প্রতিভা বিকাশ ও সামগ্রিক দক্ষতা উন্নয়নে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠাকরণ।<br><u>**মিশন**</u>: সভায় উপস্থাপিত মিশন সম্পর্কে উপস্থিত সম্মানিত কাউন্সিল সদস্যগণ ভিন্ন ভিন্ন মত প্রদান করেন। | উপস্থাপিত ভিশন ও মিশন নির্ধারণে কাউন্সিল সদস্যগণ আগামী ১৫ দিনের মধ্যে ইনস্টিটিউট এর ই-মেইল ঠিকানায় মতামত প্রদান করবেন এবং পরবর্তী কাউন্সিল সভায় ভিশন ও মিশন স্থির করা হবে। |
| ০৪. | <u>**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২১ বিষয়ে অবহিতকরণ:**</u><br>সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মাধ্যমে যুবদের জন্য উচ্চ শিক্ষা, গবেষণা, একাডেমিক ডিগ্রী, ডিপ্লোমা, সনদ বা উপাধি প্রদান, যুগোপযোগী যুবনীতি ও প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন ও বাস্তবায়ন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যুব বিষয়ক সেমিনার, কর্মশালা ও যুব সমাবেশ আয়োজন, দেশীয় ও আন্তর্জাতিক যুব বিনিময় কর্মসূচী, নেতৃত্ব বিকাশ এর জন্য যুব ফোরাম ও যুবপার্লামেন্ট গঠন, তথ্য ভান্ডার, গবেষণাগার, ই-লাইব্রেরী স্থাপন ইত্যাদিসহ দেশী ও বিদেশী বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করে দক্ষ যুব শক্তি গড়ে তোলার কার্যক্রম পরিচালিত হবে। | খসড়া প্রবিধানমালা লেজিসলেটিভ বিভাগে প্রেরণের বিষয়ে ঘটনাত্তোর অনুমোদন প্রদান করা হয় এবং দ্রুততম সময়ের |

| | | |
|---|---|---|
| | এছাড়াও তিনি ইনস্টিটিউটকে যুবদের জন্য চিন্তাশালা (Think-Tank) হিসেবে প্রতিষ্ঠা করা হবে মর্মেও সভাকে অবহিত করেন।<br>তিনি বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য উত্তরসূরী উন্নয়নের রোল মডেল মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নামে বাংলাদেশে যুগোপযোগী আধুনিক ও বিশ্বমানের Centre of Excellence হিসেবে এই ইনস্টিটিউটটি প্রতিষ্ঠিত হতে যাচ্ছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮-তে ঘোষিত ''তারুণ্যের শক্তি–বাংলাদেশের সমৃদ্ধি'' প্রতিপাদ্য বাস্তবায়নের লক্ষ্যে এ ইনস্টিটিউট ব্যাপক ভূমিকা পালন করবে। ইনস্টিটিউটের কার্যক্রমের গতিশীল ও সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগের নিমিত্ত শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২১ এর খসড়া প্রজ্ঞাপন ভেটিং এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করা হলে স্বল্পতম সময়ের মধ্যে উক্ত বিভাগ কর্তৃক তা ভেটিং হয়। তদপ্রেক্ষিতে ভেটিংকৃত প্রবিধানমালা এস,আর,ও নং-২৫৩- আইন/২০২১ ০৭ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ মূলে বাংলাদেশ গেজেটে মুদ্রিত ও প্রকাশিত হয়েছে। সদস্য সচিব দ্রুততম সময়ের মধ্যে প্রবিধানমালাটি অনুমোদন করায় সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-কে কৃতজ্ঞতা জানানোর প্রস্তাব করেন। সভা এতে একমত পোষণ করে। সদস্য সচিব খসড়া প্রবিধানমালা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণের বিষয়ে ঘটনোত্তর অনুমোদন প্রদানের জন্যে সভাকে অনুরোধ জনান। | মধ্যে প্রবিধানমালাটি অনুমোদন করায় সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-কে কৃতজ্ঞতা জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। |
| **ক্র.নং** | **আলোচ্য বিষয়** | **সিদ্ধান্ত** |
| ০৫. | **পদ সৃজন সংক্রান্ত:**<br>সদস্য সচিব শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের অনুকূলে প্রস্তাবিত পদ সৃজন প্রক্রিয়ার ধারাবাহিক বর্ণনা সম্মানিত কাউন্সিল সদস্যগণের সদয় অবগতির জন্যে উপস্থাপন করেন।<br>ক) ৩৪.০০.০০০০.০৫১.১৫.০০৪.১৯-৮৮ তারিখ-১১-০৩-২০১৯খ্রিঃ মূলে ৫৭৪টি পদ সৃজনের প্রস্তাব সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করা হয়।<br>খ) ৩৪.০০.০০০০.০৫১.১৫.০০৪.১৯-৬৪১ তারিখ-৩০-১২-২০১৯খ্রিঃ মূলে স্বল্প মেয়াদে ১৯৮টি পদ সৃষ্টির প্রস্তাব সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করা হয়।<br>গ) ০৫.০০.০০০০.১৫৩.১৫.০১৩.১৯-৯০ তারিখ- ১০-০৮-২০২০খ্রিঃ মূলে জনপ্রশাসন মন্ত্রণালয় ৬২টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের সম্মতি জ্ঞাপন করে।<br>ঘ) ০৭.০০.০০০০.১২৬.৩৪.০০২.২০২০-১৮৯ তারিখ- ১৯-১১-২০২০খ্রিঃ মূলে অর্থ মন্ত্রণালয় অস্থায়ীভাবে ৪৫টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। অত:পর স্কেল ভেটিং এর জন্য বাস্তবায়ন অনুবিভাগে প্রেরণ করা হয়।<br>ঙ) ০৭.০০.০০০০.১২৬.৩৪.০১১.২০২০-০২ তারিখ- ০৭-০১-২০২১খ্রিঃ মূলে বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয় ৪৫টি পদের বেতন গ্রেড নির্ধারণপূর্বক সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অবহিত করে।<br>চ) ৩৪.০০.০০০০.০৫১.১৫.০০৪.১৯ (অংশ-১)-২৫৬ তারিখ-০৩-০৬-২০২১খ্রিঃ মূলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৪৫টি পদ সৃজনের প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারী করে। | ইনস্টিটিউট এর ৪৫টি অস্থায়ী পদ সৃজন বিষয়ে কাউন্সিল সদস্যগণ অবহিত হন। |
| ০৬. | **জনবল নিয়োগ:**<br>সদস্য সচিব ইনস্টিটিউট এর জনবল নিয়োগের বিষয়ে সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।<br>(ক) ইনস্টিটিউটের জন্য অস্থায়ীভাবে সৃজিত ৪৫টি পদের মধ্যে মহাপরিচালকের ০১ টি ও রেজিস্ট্রারের ০১ টি পদ'শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮' অনুযায়ী সরকার কর্তৃক নিযুক্ত হইবে;<br>(খ) পরিচালকের ০১টি ও উপপরিচালকের ০২টি পদসহ মোট ০৩টি পদে পদোন্নতির মাধ্যমে অথবা পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে পূরণের বিধান প্রবিধানমালায় সন্নিবেশিত রয়েছে এবং | প্রস্তাবিত ০২টি কমিটিতে বিশেষজ্ঞ প্রতিনিধি ০১ জনের স্থলে ০২ জন অন্তর্ভুক্ত করে কমিটি ০২টি অনুমোদন করা হয়। |

(গ) অবশিষ্ট (৪৫-৫)=৪০টি পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য।

সদস্য সচিব (গ)-তে উল্লেখিত ৪০টি পদে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত ০২টি নিয়োগ কমিটি সম্মানিত কাউন্সিল সদস্যগণের বিবেচনার জন্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, উল্লেখিত কমিটি ০২ টি গঠনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্রসমূহ অনুসরণ করা হয়েছে। তবে ইনস্টিটিউটটি সংবিধিবদ্ধ সংস্থা হওয়ায় পরিপত্রসমূহ পরিপূর্ণরূপে অনুসরণ করা হয়নি। তিনি নিয়োগ কমিটি গঠনের বিষয়ে সম্মানিত সদস্যগণের মতামত আহ্বান করেন।

০১) <u>১ম ও ২য় শ্রেণির জনবল নিয়োগ কমিটি:</u>

১। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সভাপতি
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা - সদস্য
৩। অর্থ বিভাগের যুগ্মসচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা - সদস্য
৪। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের ০১ জন কর্মকর্তা - সদস্য
৫। বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) ০১ জন - সদস্য
৬। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সদস্য সচিব

০২) <u>৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি:</u>

১। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সভাপতি
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১ জন কর্মকর্তা - সদস্য
৩। অর্থ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা - সদস্য
৪। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১ জন কর্মকর্তা - সদস্য
৫। বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) ০১জন - সদস্য
৬। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সদস্য সচিব

উপস্থিত কয়েকজন কাউন্সিল সদস্য ভিন্ন ভিন্ন নিয়োগ কমিটি গঠনের প্রস্তাব দেন। ড. মুনাজ আহমেদ নূর, ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, গাজীপুর শিক্ষক নিয়োগ কমিটি, কর্মকর্তা নিয়োগ কমিটি এবং কর্মচারী নিয়োগ কমিটি নামে ০৩টি ভিন্ন কমিটি গঠনের প্রস্তাব করেন।

কাউন্সিল সদস্যগণের মধ্যে অনেকেই নিয়োগ কমিটিতে বিশেষজ্ঞ প্রতিনিধি ০১ জনের স্থলে ০২ জন রাখার পক্ষে মত প্রকাশ করেন। সভাপতি মহোদয় আপাতত ০৩টি কমিটির পরিবর্তে ০২টি কমিটি দিয়েই নিয়োগ কার্যক্রম শুরু করার পক্ষে মত ব্যক্ত করেন এবং উভয় কমিটিতেই ০১ জনের স্থলে ০২ জন বিশেষজ্ঞ প্রতিনিধি অন্তর্ভুক্ত করার প্রস্তাব সমর্থন করেন। ড. মুনাজ আহমেদ নূর, ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, গাজীপুর কমিটি গঠনের লক্ষ্যে বিধিমালা প্রণয়নর উপর গুরুত্বারোপ করেন। অতঃপর কাউন্সিলের সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৭. | <u>একাডেমিক কাউন্সিলের ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ অবহিতকরণ:</u><br>সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, একাডেমিক কাউন্সিলের ১ম সভায় ০৩ (তিন) টি অনুষদ এবং ১১ (এগারো) টি ডিপার্টমেন্টের মাধ্যমে একাডেমিক, ডিপ্লোমা এবং বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কাউন্সিল সভার কার্যবিবরণীর সফট কপি ইতোমধ্যে কাউন্সিল সদস্যগণ বরাবরে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে উপস্থিত কাউন্সিল সদস্যগণকে মতামত প্রদানের জন্য তিনি আহবান জানান।<br>উপস্থিত কাউন্সিল সদস্য জনাব নুরুল আমিন, যুগ্মসচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বলেন- দক্ষ জনবল তৈরিতে এবং যুগোপযোগী মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ “স্ট্যান্ডার্ড প্রশিক্ষণ কারিকুলাম” প্রণয়ন করেছেন। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর সাথে যোগাযোগ বা ওয়েব সাইট ভিজিট করে কারিকুলাম সংগ্রহ করা যেতে পারে। মানসম্মত প্রশিক্ষণে Bangladesh National Skilled Qualification Framework (BNSQF)-এ ১-৬ লেভেল নির্ধারণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর পর্যায় ও প্রশিক্ষণ লেভেল অনুযায়ী প্রণয়নকৃত কারিকুলাম অনুসরণের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। | বিশেষজ্ঞ প্রতিনিধি এবং কাউন্সিল সদস্যগণের অন্তর্ভুক্তিতে ওয়ার্কশপের মাধ্যমে কারিকুলাম প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| | কাউন্সিল চেয়ারম্যান একাডেমিক, ডিপ্লোমা এবং প্রশিক্ষণ বিষয়ে সম্মানিত কাউন্সিল সদস্যগণকে অন্তর্ভুক্ত করে কর্মশালার মাধ্যমে কারিকুলাম প্রণয়ন করা হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন। তিনি আপাতত কিছু সংখ্যক সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স এবং তিন/চারটি বিষয়ে ডিপ্লোমা কোর্স চালুর বিষয়ে অভিমত ব্যক্ত করেন। ০৩ (তিন) টি অনুষদ এবং ১১ (এগারো) টি ডিপার্টমেন্ট চালু করার বিষয়ে সম্মানিত কাউন্সিল সদস্যগণের মতামতের প্রেক্ষিতে মহাপরিচালক জানান যে, ৪৫ জনবল দিয়ে অনুষদ এবং ডিপার্টমেন্ট খোলা সম্ভব হবে না। জনবল প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে মর্মে তিনি মত প্রকাশ করেন। | |
| ০৮. | **ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় অনুমোদন:**<br>২০২১-২২ অর্থ বছরে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের অনুকূলে ৬১২.২৮ (ছয় কোটি বারো লক্ষ আটাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। তিনি স্বল্পতম সময়ে ইনস্টিটিউট এর অনুকূলে আর্থিক/প্রাতিষ্ঠানিক কোড সৃষ্টিসহ অর্থ বরাদ্দের জন্যে অর্থ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব করেন। এ প্রস্তাবে কাউন্সিল সদস্যগণ একমত পোষণ করেন। এছাড়া সদস্য সচিব উপস্থিত কাউন্সিল সদস্যগণের জ্ঞাতার্থে খাত ভিত্তিক অর্থ বরাদ্দের বিষয়টি উপস্থাপন করেন এবং বরাদ্দকৃত অর্থ প্রতিবারের জন্যেই খাতওয়ারী ব্যয়ের অনুমোদন প্রদানের আহ্বান জানান। | প্রতিবারের জন্যই খাতওয়ারী ব্যয়ের প্রস্তাব অনুমোদিত হয়। |
| ০৯. | **ইনস্টিটিউট এর লোগো নির্ধারণ:**<br>সদস্য সচিব শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের স্বতন্ত্র লোগো নির্ধারণ করার বিষয়ে সভায় প্রস্তাব পেশ করেন এবং এ বিষয়ে মতামত প্রদানের জন্য কাউন্সিল সদস্যগণকে অনুরোধ জানান।<br>মুনিয়া ইসলাম মজুমদার, মনোনীত যুব সংগঠনের নারী প্রতিনিধি ইতোপূর্বে ইনস্টিটিউট এর লোগো নির্ধারণ করা হয়েছে মর্মে সভাকে জানান। তিনি কয়েকটি লোগোর নমুনাও তুলে ধরেন। উপস্থিত অন্যান্য কাউন্সিল সদস্যবৃন্দের মতামতের উপর ভিত্তি করে কাউন্সিল চেয়ারম্যান বিজ্ঞপ্তির মাধ্যমে ইনস্টিটিউট এর লোগো নির্ধারণের বিষয়ে মত প্রকাশ করেন। এছাড়াও লাগসই লোগো নির্ধারণের জন্য ০৫ সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>১. ড. মুনাজ আহমেদ নূর, ভিসি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, গাজীপুর -আহবায়ক<br>২. জনাব ভীষ্মদেব চৌধুরী, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় -সদস্য<br>৩. জনাব বদরে মুনীর ফেরদৌস, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় -সদস্য<br>৪. জনাব মুনীয়া ইসলাম মজুমদার, মনোনীত যুব সংগঠনের নারী প্রতিনিধি -সদস্য<br>৫. জনাব মো: মিজানুর রহমান, পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট -সদস্য সচিব | প্রস্তাবিত কমিটি লোগো নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কমিটি কর্তৃক সুপারিশকৃত লোগোসমূহ বিবেচনার জন্যে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। |
| **ক্র.নং** | **আলোচ্য বিষয়** | **সিদ্ধান্ত** |
| ১০. | **সম্মানী ভাতা নির্ধারণ:**<br>সদস্য সচিব ইনস্টিটিউট আইনে প্রতিষ্ঠিত নির্বাহী কাউন্সিল, একাডেমিক কাউন্সিল এবং অন্যান্য কমিটির সম্মানিত সদস্যবৃন্দের সভায় উপস্থিতি ববাদ সম্মানী নির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।<br>কাউন্সিল সদস্যগণের সভায় উপস্থিতি বাবদ প্রদেয় সম্মানী ভাতার বিষয়ে উপস্থিত সদস্যগণ ভিন্ন ভিন্ন মত প্রকাশ করেন। তারা জানান যে, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এবং বিভিন্ন সংবিধিবদ্ধ সংস্থায় ভিন্ন ভিন্ন পরিমাণে সম্মানী প্রদান করা হয়ে থাকে। অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, সরকারি প্রতিষ্ঠানে সম্মানী প্রদানের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা জারিকৃত আছে। ইনস্টিটিউটটি সংবিধিবদ্ধ সংস্থা হওয়ায় সম্মানীভাতা অদ্যকার সভায় নির্ধারণ করা যেতে পারে। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা এবং পাবলিক বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সম্মানীর পরিমাণ বিবেচনায় এনে সম্মানী নির্ধারণ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। সদস্য সচিব কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান এর জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অন্যান্য সদস্যবৃন্দের জন্য জনপ্রতি ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা সম্মানীভাতা নির্ধারণের প্রস্তাব করেন। উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন। ড. মুনাজ আহমেদ নূর অর্থ কমিটিসহ বিভিন্ন কমিটি গঠনের জন্যে বিধিমালা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন। | কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান এর জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অন্যান্য সদস্যবৃন্দের জন্য জনপ্রতি ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা সম্মানীভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল ও মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট সম্মানিত সদস্যগণকে দীর্ঘসময় ধরে সংযুক্ত থেকে এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করে মূল্যবান পরামর্শ প্রদান করায় কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সম্মানিত সদস্যগণকে ইনস্টিটিউট এর স্বার্থে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্যে আন্তরিকভাবে অনুরোধ জানান। তিনি যেকোন সময়ে ইনস্টিটিউট পরিদর্শনেরও আমন্ত্রণ জানান। সকলের সর্বাত্তক সহযোগিতায় মাননীয় প্রধানমন্ত্রীর নামীয় ইনস্টিটিউটটি একদিন Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠা পাবে এ আশাবাদ ব্যক্ত করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন এবং সভাপতি মহোদয়কে সমাপনী বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

সভাপতি ও কাউন্সিল চেয়ারম্যান মহোদয় এ মর্মে অভিমত প্রকাশ করেন যে, কাউন্সিল সদস্যগণের স্বতঃফূর্ত অংশগ্রহণে আজকের সভাটি খুবই ফলপ্রসূ হয়েছে। এ জন্য তিনি সকলকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সকলের সর্বাত্তক সহযোগিতায় ইনস্টিটিউটটি প্রত্যাশিত উচ্চতায় প্রতিষ্ঠিত হবে, এ আশাবাদ ব্যক্ত করে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/২০২১

**মোঃ আখতার হোসেন**
সিনিয়র সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, নির্বাহী কাউন্সিল
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।